রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ৩১, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৭ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ/ ৩১ মে ২০২০ খ্রিষ্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০৭.১৯.৭৮—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'পরিকল্পিত উপায়ে বস্তি অপসারণ এবং বস্তিবাসীদের পুনর্বাসন কার্যক্রম পরিচালনার জন্য কমিটি' নিম্নরূপে গঠন করেছে :

(ক) **কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| (১) | মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | মন্ত্রী, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | প্রতিমন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | সদস্য |
| (৭) | সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সদস্য |

| | | |
|---|---|---|
| (৮) | সচিব, জননিরাপত্তা বিভাগ | সদস্য |
| (৯) | সচিব, রেলপথ মন্ত্রণালয় | সদস্য |
| (১০) | সচিব, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| (১১) | সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | সদস্য |
| (১২) | সচিব, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| (১৩) | সচিব, সেতু বিভাগ | সদস্য |
| (১৪) | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| (১৫) | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য-সচিব |

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) **কমিটির কার্যপরিধি :**

(১) অপসারণের পূর্বে বস্তিবাসীদের পুনর্বাসনের জন্য কর্মপরিকল্পনা প্রস্তুতকরণ;

(২) বস্তি গড়ে ওঠা স্থানে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুরোধ বিবেচনা করে পরিকল্পিত উপায়ে বস্তি অপসারণের পরিকল্পনা গ্রহণ;

(৩) আইন-শৃঙ্খলা রক্ষা ও অসামাজিক কার্যক্রম বন্ধে বস্তি অপসারণের প্রয়োজনীয়তা, প্রতিক্রিয়া ও মানবিক বিষয়াবলি পর্যালোচনা করে পদক্ষেপ গ্রহণ এবং

(৪) প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল থেকে প্রদত্ত অর্থের যথাযথ হিসাব সংরক্ষণ ও নিরীক্ষার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ।

(গ) কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঘ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ঙ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

বেবী পারভীন
উপসচিব
ফোন: ৯৫১১০৮১
email: ca_sec@cabinet.gov.bd

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক, (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd